REG. NO. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ পত্র।

রঘুনাথগঞ্জ পণ্ডিত প্রেসে শ্রীশরচ্চন্দ্র পণ্ডিত কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত।

## বিজ্ঞাপনদাতাগণের জ্ঞাতব্য নিয়মাবলী।

জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপন প্রকাশ করিতে হইলে এক সপ্তাহের জন্য প্রতি লাইন ।॰ আনা হিসাবে এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৶॰ আনা হিসাবে তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৵॰ আনা হিসাবে ছয় মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ✓১০ আনা হিসাবে এক বৎসর বা ততোধিক কালের জন্য প্রতি লাইন প্রতিবার ৴॰ এক আনা হিসাবে

বড় বড় বিজ্ঞাপনের দর কার্য্যালয়ে আসিয়া বা পত্র লিখিয়া বন্দোবস্ত করিতে হইবে। ব্লক বিজ্ঞাপন দাতাকে নিজে দিতে হইবে। বিজ্ঞাপনের মূল্য অগ্রিম দেয়। কিন্তু পরিচিত বিজ্ঞাপন দাতাগণের নিকট পরেও বিল করিয়া মূল্য আদায় করা হইয়া থাকে।

## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

জঙ্গিপুর সংবাদের বার্ষিক মূল্য ২৲ টাকা। প্রতি সংখ্যার নগদ মূল্য ৴১০ দুই পয়সা। যে সংখ্যায় নিলামী ইস্তাহারের বিজ্ঞাপন মুদ্রিত হইবে তাহার নগদ মূল্য ৴॰ এক আনা। বাৎসরিক মূল্য অগ্রিম দেয়। যিনি যে সময় হইতে বার্ষিক মূল্য প্রদান করিবেন পর বৎসর সেই সময় পর্য্যন্ত এক বৎসর জঙ্গিপুর সংবাদ পাইবেন। তাঁহার মূল্য শেষ হইলে পত্র দ্বারা জ্ঞাত করা যাইবে। যিনি যে সংখ্যায় প্রবন্ধ বা সংবাদ প্রেরণ করিবেন তাঁহাকে সেই সংখ্যা বিনা মূল্যে দেওয়া যাইবে।

যাবতীয় চিঠি পত্র, মনিঅর্ডার, ও বিনিময় সংবাদাদি নিম্ন লিখিত ঠিকানায় আমার নামে পাঠাইতে হইবে।

শ্রীশরচ্চন্দ্র পণ্ডিত, জঙ্গিপুর সংবাদ কার্য্যালয়, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

৮ম বর্ষ | রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ ২২শে চৈত্র বুধবার ১৩২৮ ইংরাজী 5th April 1922 | ৪১শ সংখ্যা।




দর্পণ সাক্ষাতেই রমণীর সৌন্দর্য্য প্রতীয়মান হয়।
সৌন্দর্য্য বৃদ্ধি করিতে কেশরঞ্জন অদ্বিতীয়।

আমাদের কেশরঞ্জন তৈল।

গুণে বিশ্ববিজয়ী, ও প্রতিদ্বন্দ্বী—বিহীন। এই কেশতৈল-প্লাবিত বঙ্গভূমে—বহুদিন হইতেই আমাদের কেশরঞ্জন একাধিপত্য করিয়া আসিতেছে। শ্রেষ্ঠগুণই ইহার কারণ।

আমাদের কেশরঞ্জন তৈল।

প্রত্যেক প্রতিভাসম্পন্ন লোক, ইহাকে তাঁহাদের চিন্তাশীলতার ও মস্তিষ্ক-আলোচনার সহায় বলিয়া ভাবেন। এই জন্য জজ, ম্যাজিষ্ট্রেট, ব্যারিষ্টার উকীল, বিশ্ববিদ্যালয়ের ছাত্র সকলেই ইহার অনুরক্ত ভক্ত।

আমাদের কেশরঞ্জন তৈল।

মহিলাকুলের সোহাগের অঙ্গরাগ। কেশরঞ্জন বর-বপুতে লেপন করিতে পারিলে, কেশরঞ্জন সিক্ত করিয়া বেণী বন্ধন করিতে পারিলে, তাঁহারা কৃতার্থম্মন্য হয়েন।

আমাদের কেশরঞ্জন তৈল।

কেশ বৃদ্ধি করিতে, কেশের মসৃণতা সম্পাদনে, কেশস্খলন (টাক) নিবারণে, কেশের শত্রু মরামাস ও খুস্কি নিবারণে এবং অঙ্গের লাবণ্য ও মুখের সৌন্দর্য্য বৃদ্ধিতে অতুলনীয়।

এক শিশি ১৲ এক টাকা; মাশুলাদি ৷৵০ ছয় আনা। তিন শিশি ২।০ দুই টাকা চারি আনা; মাশুলাদি ৸০ বার আনা। ডজন ৯৲ নয় টাকা মাশুলাদি স্বতন্ত্র।

### অশোকারিষ্টের স্বল্প পরিচয়।

অশোকারিষ্ট ঔষধের উর্ব্বর মস্তিষ্কজাত—রমণী কল্যাণকর মহৌষধ। স্ত্রীস্বভাবসুলভ ব্যাধিসমূহে ইহার কার্য্যকারীশক্তি অসীম। অনেক সঙ্কটক্ষেত্রে অথবা চিকিৎসক পরিত্যক্ত রোগীতে, ইহা শান্তি-সুধাময় আরোগ্য প্রদান করিয়াছে। "অশোকারিষ্ট" রমণীরক্ষা হয়—রমণীর রোগ বিদূরিত হয়—আর বন্ধ্যা রমণী, বন্ধ্যাত্বের দারুণ নিরাশা-বন্ধন হইতে চিরবিমুক্ত হয়। "অশোকারিষ্ট" ব্যবস্থা করিয়া আমরা অনেক সম্ভ্রান্ত কুল-মহিলাকে কৃচ্ছ্রসাধ্য রমণী সুলভ সাংঘাতিক ব্যাধির কবল হইতে বিমুক্ত করিয়াছি। বাঙ্গালীর শান্তিময় সংসারের লক্ষ্মীরূপিণী রমণীদের রক্ষা করা যদি একটী পবিত্র ব্রত ও কর্ত্তব্য বলিয়া মনে করেন, তবে তাঁহাদের রোগসংবাদ শ্রবণ মাত্রেই "অশোকারিষ্ট" লইয়া ... করিতে দিন।

| | | |
|---|---|---|
| মূল্য প্রতি শিশি | ... | ১৷০ দেড় টাকা। |
| প্যাকিং ও ডাকমাশুল | ... | ৷৵০ নয় আনা। |

### হতাশের আশার কথা—বিনামূল্যে ব্যবস্থা।

মফঃস্বলের রোগিগণ অবস্থা অর্দ্ধ আনার টিকিটসহ আনুপূর্ব্বিক লিখিয়া পাঠাইলে, আমি স্বয়ং ব্যবস্থা পাঠাইয়া থাকি।

আমাদের ঔষধালয়ে তৈল, ঘৃত, আসব, অরিষ্ট, জারিত ও শোধিত ধাতুদ্রব্যাদি, এবং স্বর্ণঘটিত মকরধ্বজ, মৃগনাভি প্রভৃতি সর্ব্বদা সুলভ মূল্যে পাওয়া যায়

কবিরাজ নগেন্দ্রনাথ সেনগুপ্ত এণ্ড কোং'র
আয়ুর্ব্বেদীয় ঔষধালয়।
১৮/১ ও ১৯ নং লোয়ার চিৎপুর রোড, কলিকাতা।

## হিলিংবাম

গত ২৮ বৎসরের পরীক্ষায় সর্ব্বপ্রকার মেহ রোগের সর্ব্বোৎকৃষ্ট মহৌষধ বলিয়া সমগ্র ভারতবর্ষ ও ভারতবর্ষের বাহিরের দেশ সকলেও পরিচিত, আদৃত ও বহুল পরিমাণে ব্যবহৃত হইতেছে।

**ইহার কারণ হিলিংবামের অসাধারণ উপকারিতা।**

হিলিংবাম ১ মাত্রা হইতে ফল দেখা যায়। একদিনে মেহের জ্বালা যন্ত্রনা আরোগ্য করে। এক সপ্তাহে রোগ আরোগ্য করিয়া নষ্ট স্বাস্থ্য ফিরাইয়া দেয়। স্ত্রী পুরুষ উভয় জাতীয় রোগীকে সম্পূর্ণ আরোগ্য করে।

হিলিংবাম রোগের জড় "গণোকোকাই" নষ্ট করে, তাই হিলিংবামে রোগ সারে, রোগ চাপা পড়ে না অল্পদিনে পুনরাক্রমণ করিতে পায় না। এই কারণে অসংখ্য সুপ্রসিদ্ধ ডাক্তার হিলিংবামের পৃষ্ঠপোষক। দুই চার জনের নাম উল্লেখ করা গেল। ইঁহাদের সকলেরই সুখ্যাতি পত্র আমরা পাইয়াছি। আই, এম, এস,—কর্ণেল কে, পি, গুপ্ত, এম, ডি, এম, এ; এফ, আর, সি, এস, ইত্যাদি লেঃ কর্ণেল এন, পি, সিংহ, এম, আর, সি, পি, এম,আর, সি, এস, এতদ্ভিন্ন অসংখ্য প্রশংসাপত্র পূর্ণ তালিকা পুস্তক পাঠাই পত্র লিখুন।

| | | | |
|---|---|---|---|
| মূল্য | প্রতি | বড় শিশি | ৩৲ |
| „ | „ | মাঝারি শিশি | ২৷০ |
| „ | „ | ছোট শিশি | ১৷৵০ |

## স্যাণ্ডো

স্বর্ণঘটিত সালসা—স্নায়বিক দৌর্ব্বল্যের মহৌষধ। পারদ, গরমী এবং যাবতীয় রক্তদুষ্টিতে অব্যর্থ।

আজকাল স্নায়বিক দৌর্ব্বল্যে অল্পবিস্তর সকলেই কষ্ট পাইতেছেন—তার উপর সমুখে গরম পড়িতেছে, এ সময়ে আমরা সকলকেই স্যাণ্ডো সেবন করিতে বলি। পারা, গরমী প্রভৃতি রক্ত দোষও স্যাণ্ডো সেবনে নিবারিত হয়; রক্ত বৃদ্ধি হয়, দেহে নূতন জীবন, নূতন যৌবন সঞ্চার হয়। খোস, পাঁচড়া দাদ, অর্শ, কাউর, বাত আমবাত সন্ধি কাশি সমস্তই স্যাণ্ডো সেবনে নিবারিত হয়।

স্ত্রীলোকের ঋতুর গোলযোগ, বাধক, দীর্ঘকাল ব্যাপী ঋতু, ঋতুকালীন জ্বালা ও ব্যথা সমস্ত উপসর্গে স্যাণ্ডো যাদুমন্ত্রের ন্যায় কার্য্য করে।

মূল্য প্রতিশিশি (১৬ দিনের উপযোগী) ২৲; ৩টী একত্রে ৫৷০
ডাক মাশুলাদি স্বতন্ত্র।

আর, লগিন এণ্ড কোং
ম্যানুঃ—কেমিষ্টস্।
১৪৮, বহুবাজার ষ্ট্রীট কলিকাতা।
টেলিগ্রাম—"হিলিং", কলিকাতা

## টাকার অষ্টোত্তর শত-নাম।

—:০:—

শ্রীকৃষ্ণের অষ্টোত্তর শতনামের হাস্যোদ্দীপক অনুকরণ। টাকার যত প্রকার নাম হইতে পারে তাহা কৌশলে কবিতায় লিখিত হইয়াছে। একবার পড়িয়া হাসিবেন ও বন্ধুবান্ধবকে দেখাইবার ও হাসাইবার প্রলোভন সম্বরণ করিতে পারিবেন না। মূল্য মাত্র /০ এক আনা। ৫ এক পয়সার ছয় খানা ডাক টিকিট পাঠাইলে ঘরে বসিয়া পাইবেন। পাইকারগণকে কমিশন দেওয়া যায়।

ম্যানেজার জঙ্গিপুর সংবাদ অফিস
পোঃ রঘুনাথগঞ্জ।
(মুর্শিদাবাদ)

---

সর্ব্বেভ্যো দেবেভ্যোনমঃ

# জঙ্গিপুর সংবাদ।

২২শে চৈত্র বুধবার ১৩২৮ সাল।

## বিদ্যালয়ে চরকার কথা।

—:০:—

মা ভৈঃ।

কয়েক দিন হইল বঙ্গীয় ব্যবস্থাপক সভায় গবর্ণমেণ্ট সাহায্য প্রাপ্ত স্কুলগুলিতে চরকা শিক্ষার ব্যবস্থা করা যায় কিনা এই প্রশ্ন উত্থাপিত হইলে শিক্ষা সচিব মহাশয় বলেন যে, সাধারণের বিশ্বাস যে স্কুল সমূহে চরকা চালাইলে সরকার প্রদত্ত সাহায্য বন্ধ হইবে। সে ধারণা ভুল, স্কুলে চরকা শিক্ষা দিলে গবর্ণমেণ্ট কোনও আপত্তি করিবেন না।

## নীরব কর্ম্মী।

—:০:—

সভাসমিতি না করিয়া কোন হুজুগে না মাতিয়া, গান্ধীজীকী জয় ইত্যাদি চীৎকার না করিয়া যে নীরবে স্বরাজ লাভ করা যায় সম্প্রতি রঘুনাথগঞ্জের জনৈক ভদ্রলোক তাহার নিদর্শন দেখাইয়াছেন। তিনি কখনও কোন হৈ চৈ না করিয়া নিজে হাতে তাঁত বুনিতে আরম্ভ করেন। এক্ষণে গামছা বা ছোট কাপড় বেশ বুনিতেছেন। তাঁহার গর্ভধারিণী চরকায় খুব ভাল সূতা কাটেন। তিনি আমাদিগকে এক খানি গামছা উপহার দিয়াছেন, তাহা আমরা খুব ধন্যবাদের সহিত গ্রহণ করিয়াছি। তাঁহার নাম করার উদ্দেশ্য নাই বলিয়া তিনি তাঁহার নাম প্রকাশ করিতে নিষেধ করায় আমরা তাঁহার নাম প্রকাশ করিলাম না। একেই বলে 'ধীর পানি পাথল বিঁধে।'

## ডাক মাশুল বৃদ্ধি।

—০—

গতবারে পোষ্টকার্ড, পত্র ও পার্শেলের ডাক মাশুল বৃদ্ধির সংবাদ দিয়াছি। আগামী ২৪শে এপ্রেল বা ১১ই বৈশাখ হইতে এই বৃদ্ধির হারে চলিতে আরম্ভ করিবে। সাধারণে তাহার পূর্ব্বে কয় দিন সুখ ভোগ করুন।

## নির্ব্বাচন পর্ব্ব।

—:০:—

পরমেশ্বরের কৃপায় যদি আগামী তিন বৎসরের জন্য জঙ্গিপুর মিউনিসিপাল বোর্ডের মেম্বরগণ খোস মেজাজে ও বাহাল তবিয়তে থাকেন তাহা হইলে তিন বৎসরের মত উক্ত বোর্ডের নির্ব্বাচন পর্ব্ব শেষ হইল। শ্রীযুক্ত বাবু দ্বিজপদ চট্টোপাধ্যায় উকীল মহাশয় প্রতিযোগিতায় শ্রীযুক্ত বাবু বৃন্দাবনচন্দ্র রায় উকীল মহাশয়কে দুই ভোটে পরাজিত করিয়া চেয়ারম্যানের আসন অধিকার করিয়াছেন। ভাইস-চেয়ারম্যানির প্রতিযোগিতা হইয়াছিল শ্রীযুক্ত বাবু জয়কৃষ্ণ দত্ত সওদাগর (মার্চ্চেণ্ট) মহাশয় এবং শ্রীযুক্ত বাবু সুন্দরলাল ঘোষ উকীল মহাশয়ের মধ্যে। জয় বাবু সুন্দর বাবুকে কাষ্টিং ভোটে পাছড়াইয়া জয় লাভ করিয়াছেন। নব নির্ব্বাচিত চেয়ারম্যান দ্বিজ বাবু জঙ্গিপুরের লব্ধপ্রতিষ্ঠ উকীল। বিদ্যাবুদ্ধি তাঁহার যথেষ্ট আছে। ইচ্ছা করিলে তিনি খুব সুযশের সহিত এই কার্য্য সম্পাদন করিয়া সাধারণের ধন্যবাদার্হ হইতে পারেন। তবে চাই পবিত্র পরার্থ পরতা আর একটু অবসর করা। ভাইস চেয়ারম্যান জয় বাবু ইংরাজী জানা যুবক। তাঁহার সর্ব্বদাই অবসর কেননা অন্নের জন্য রাত দিন মাথার ঘাম পায়ে ফেলিয়া ছুটাছুটি করিতে হয়না। বোর্ডে নূতন মেম্বর হইলেও উক্ত কার্য্যে অভিজ্ঞতা লাভ করিতে বেশী দিন লাগেনা তবে চাই আকুল পিয়াসা। মোট কথা এই নির্ব্বাচন ভালই হইয়াছে। এখন কার্য্য কুশলতা দেখাইয়া ভাল মন্দ হওয়া তাঁহাদের নিজের হাতে।

## চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যান মহোদয়ের দৃষ্টি আকর্ষণ।

—০—

গরীব প্রজার অশ্রুপাত
'পাবলিক মনি' তস্রুপাত।
রাস্তার মেটাল বেশী মাপা।
ধনী লোকের রাস্তা চাপা।
আদায়ী টাকা রেমিশন।
বে আইনী কমিশন।
ফুটো গাড়ী বাড়ায় গলদ।
গাড়ী টানা রোগা বলদ।
পাইখানাতে বকেয়া মল।
শেষপুলেতে সাঁতার জল।
মড়া পোড়া শ্মশান ঘাটে।
বেজায় কষ্ট ভিজে কাঠে।
বেশী মাশুল আদায় করা।
জলে ফেলা আস্ত মড়া।
খেয়াঘাটের ইজারদার।
সব দিকে চাই খবরদার।
শ্মশান ঘাট, গুজারের খেওয়া
ফেরারীকে না হয় দেওয়া।
গরুর গাড়ীর টিকিট মারা।
এ কাজেও চাই নজর করা।
ফিনাইল আর কেরোসিন।
দেখতে হবে প্রতিদিন।
হ'লে পরে চোকের বা'র।
টিনকে টিনই পগাড় পার।

---

## বাঙ্গলায় প্রাথমিক বিদ্যালয়।

বাঙ্গলা দেশে প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা ৪৭৭৭২ ছাত্রের সংখ্যা ১৪৫৬৮৬৫। সরকারী ও স্থানীয় লোকের সাহায্য প্রাপ্ত প্রাথমিক বিদ্যালয় ৩৮৫৭৩।

## কংগ্রেসের প্রাপ্ত হিসাব।

—:০:—

জঙ্গিপুর সংবাদের সম্পাদক মহাশয় সমীপেষু—

আমি বিশেষ কতকগুলি কারণ বশতঃ জঙ্গিপুর কংগ্রেসের সহিত সকল সংশ্রব কাটাইয়াছি। আমার নিকট যে টাকা ছিল সম্পাদক মহাশয় বলিয়াছেন যে আমি তার হিসাব আদি কিছুই দিই নাই, সেই জন্য সাধারণের এবং তাঁহার অবগতির জন্য আপনার পত্রে দিলাম দয়া করিয়া প্রকাশ করিয়া আমায় দায় মুক্ত করিবেন।

| জমা | | খরচ | |
|---|---|---|---|
| ৫ই মাঘ— | | ৬ই মাঘ মাতৃমন্দির জন্য | |
| সম্পাদক মহাশয়ের নিকট | | তালা খরিদ | ৸৵০ |
| পাওয়া যায় | ১৷৹০ | পোষ্টকার্ড | ৷১০ |
| ১৪ই মাঘ ২২ সালের কং- | | ১৪ মাঘ খাতা ক্রয় | ৶০ |
| গ্রেস সভা হওয়ার চাঁদা | | ২৩শে মাঘ ২ জন স্বেচ্ছা- | |
| | ২৷৷০ | সেবকের জল খাওয়া | ।/০ |
| ১৬ই বাজারে ভিক্ষা | ১৷৹০ | ২৪শে মাঘ ২টা কালেকটিং | |
| ২৮শে মাঘ সম্পাদক মহা- | | বাক্স | ৶০ |
| শয়ের নিকট হইতে | ১১৵০ | ১টা তালা মেরমত | ।০ |
| ২৮শে মাঘ ভিক্ষা বাবত | | ২৫শে পচাকে | /০ |
| শ্রীযুত নারয়ণচন্দ্র সাহা | ১৲ | ২৬শে ঐ | /০ |

---


## কেবল দেড় টাকায়
## প্রত্যেকেরই নিত্য প্রয়োজনীয়

নিম্নলিখিত ৬ দফার যে কোন জিনিষ পাইবেন।
এক সঙ্গে ৬ দফা জিনিষ ৮৲ টাকায় পাইবেন।

PAID.
URGENT.
DUPLICATE.
CANCELLED.
BOOK-POST.
REPLIED.
COPIED.
REGISTERED.
REFUSED.
Original.
Reference No.
STAMPED.

১। অফিস স্ট্যাম্প—উপরের নমুনা অনুযায়ী ১২ টি রবার ষ্টাম্প।
২। রবার ষ্ট্যাম্প—বাদামী, গোল, স্কোয়ার ইত্যাদি নানা রকমের fancy ডিজাইনে নাম ও ঠিকানা যুক্ত।
৩। নম্বারিং রবার ষ্ট্যাম্প—ইহাতে ৯৯৯৯ পর্য্যন্ত নম্বর করা যাইবে।
৪। ডেটিং ষ্ট্যাম্প—তারিখ, মাস ও সন বদলান যাইবে।
৫। পকেট প্রেস-A হইতে Z সমস্ত অক্ষর আছে।
৬। পিতলের শিলমোহর-পিতলের হাণ্ডেল যুক্ত রেজেষ্টারী চিঠিপত্রে গালায় ছাপিবার জন্য, কালিতেও ছাপা চলে। নাম বা মনোগ্রাম পাঠাইলে প্রস্তুত হয়।

আর, এন, দত্ত এণ্ড কোং এনগ্রেভার্স
৩৭৷৪নং হ্যারিসন রোড, কলিকাতা।

| জমা | | খরচ | |
|---|---|---|---|
| | | ২৭শে ঐ | ।০ |
| | | ২৭শে স্বেচ্ছাসেবকগণের জল খাবার | ২/০ |
| | | ২৮শে কার্ড | /০ |
| | | গোপাল ঘোষ | ৫৲ |
| | | বসুমতী কাগজ ক্রয়ের জন্য | ৪৵০ |
| | | বিজ্ঞাপন ছাপান খরচ শ্রীযুক্ত পণ্ডিত মহাশয়কে দেওয়া যায় | ২৸/১০ |

## ফাল্গুন মাসের খরচ।

—:০:—

| জমা | | খরচ | |
|---|---|---|---|
| ৩রা ফাল্গুন ভিক্ষা ২ বেলা | ১২৶/৫ | ৩রা ফাল্গুন স্বেচ্ছাসেবকগণের জল খাওয়া | ৵/৫ |
| ৪ঠা ফাল্গুন | ৩৸০ | তালা ১টী | ।৵০ |
| ৫ই (বিভূতি) | ৪।৵২॥ | স্বেচ্ছাসেবক ট্রেণে ভিক্ষার জন্য | ৪৲ |
| ১২ই বহ্মেশ্বর ভিক্ষা | ৭॥/১০ | ৪ঠা ফাল্গুন | |
| ১৪ই ঐ | ১৸/০ | দোকড়ি | ২।৶০ |
| | | কাপড় | ১॥৶০ |
| | | মতি | ৩।৵০ |
| | | যামিনী | ১৲ |
| | | ৮ই সাধিকপুর ফতেউল্লাপুর প্রভৃতি যাওয়ার জন্য খরচ | ॥৶/১০ |
| | | গোপাল ঘোষ | ৫৲ |
| | | ১২ই ২২ জন স্বেচ্ছাসেবকগণের খাবার খরচ ইত্যাদি | ৭৸/৫ |
| | | (স্বেচ্ছাসেবকগণের তালিকা) জঙ্গিপুর ৪, মহেশপুর ৬, ধুলিয়ান ৬, সাগরদিঘি ৬, | |
| | | ১৫ই ফাল্গুন আলো ১টী | ১৲ |
| | | (চার আনা দেওয়া হয়নি) | |
| | | পচার কাপড় ধোয়া | ৵০ |
| | | ১৬ই ফাল্গুন বহরমপুর হইতে ২ জন আগত স্বেচ্ছাসেবকের খাওয়া | ।৶০ |
| | | ২৪শে পচাকে স্বেচ্ছাসেবক সংগ্রহের জন্য কালিয়াচক, ধুলিয়ান বহরমপুর প্রভৃতি স্থানে পাঠাইতে | ১॥৵০ |

## চৈত্র মাসের খরচ।

—:০:—

| জমা | | খরচ | |
|---|---|---|---|
| ট্রেণে ভিক্ষা | | ৬ই চৈত্র তালা ১টী | ।৵০ |
| পচা | ১॥০ | ১২ই চৈত্র স্বেচ্ছাসেবকগণের খাবারের দাম দোকড়ীকে দেওয়া যায় | ১৶/১২॥ |
| হারাধন | ।৶/১০ | পচা | ।০ |
| | | কার্ড | ৲১০ |
| | | সম্পাদক মহাশয় | ।৶/১০ |

কয়েকটী স্থান সংক্ষেপে সারা হইল আবশ্যক হইলে বিশেষভাবের হিসাব দেওয়া হইবে।

নিবেদক—

শ্রীহরিহর সান্যাল

সহকারী সম্পাদক জঙ্গিপুর কংগ্রেস কমিটী

———


## ডাঃ কিশোরীমোহন সিংহ এম, বি,

চক্ষু চিকিৎসায় বিশেষজ্ঞ

মেডিক্যাল কলেজ হাসপাতাল ও দ্বারভাঙ্গা সরকারি হাসপাতালের ভূতপূর্ব্ব লব্ধপ্রতিষ্ঠ চিকিৎসক।

সর্ব্বপ্রকার চক্ষুরোগ চিকিৎসা

ও বৈজ্ঞানিক উপায়ে চক্ষু পরীক্ষা করিয়া চশমার ব্যবস্থা ও ব্যবস্থানুযায়ী প্রকৃত চশমা সংগ্রহ করিয়া দিয়া থাকেন।

যাবতীয় দুর্ব্বোধ ও দুরারোগ্য ব্যাধি

রক্ত কফ প্রস্রাবাদি পরীক্ষা করিয়া

রোগ নির্দ্ধারণ পূর্ব্বক আধুনিক বৈজ্ঞানিক উপায়ে ভ্যাক্সিন ও এণ্টিটক্সিন আদি ইনজেকসন ও ঔষধ প্রয়োগ করতঃ আরাম করেন।

চিকিৎসার্থী মফঃস্বলবাসীগণ—

কলিকাতা মহানগরীতে উপস্থিত হইয়া সুচিকিৎসকের সন্ধান করিতে বিশেষ বেগ পাইয়া থাকেন। তাঁহাদের অসুবিধা দূরীকরণের বিজ্ঞাপন এই দেওয়া হইল।

রোগী দেখা ও পরামর্শের সময় ও স্থান :—

প্রাতে ৭টা হইতে ৯টা পর্য্যন্ত—নিজ বাসাবাটী ৫০।৩ হরিশ মুখার্জ্জির রোড ভবানিপুর, কলিকাতা।

বৈকালে ৪টা হইতে ৬টা পর্য্যন্ত—মেডিকেল বোরো ২৫+২৬ আমহার্ষ্ট ষ্ট্রীট, হ্যারিসন রোডের মোড়, কলিকাতা।

———

## স্বদেশী বানিজ্যের উন্নতির জন্য

ইষ্টারন্ প্রডাক্ট্ এণ্ড ট্রেডিং কোং লিমিটেড প্রতিষ্ঠিত হইল।

প্রথম অর্দ্ধ বৎসরেই শতকরা ২০৲ টাকা লাভ হইবে আশা করা যায়।

নিয়মাবলী ও দরখাস্ত ফরমের জন্য সত্বর আবেদন করুন।

ম্যানেজিং এজেন্টস্

পোঃ বাক্স ২১০৬
ফোন নং ৪৭৭০

জি, ডি নাথ।

২৮৫।৯ বহুবাজার ষ্ট্রীট কলিকাতা।

অথবা নিম্নলিখিত এজেন্টগণের নিকট আবেদন করুন।

এফ, এইচ ভগবান স্কোয়ার,
পোষ্ট বক্স্ ৫১৪ ; (রেঙ্গুন)

আর, এফ, কেম্ভার স্কোয়ার,
১৮নং বাইলি ষ্ট্রীট্ ফোর্ট, কলম্বো

সি, এ, কৃষ্ণশ্বাম আয়ার স্কোয়ার
১১৯নং আদিয়াপ্পা, মাইক ষ্ট্রীট, মান্দ্রাজ।

পি, এন্, মুদি স্কোয়ার
৩১৫ হর্ণ-বি রোড্ ফোর্ট, বোম্বাই।

পি, সি, চৌধুরী স্কোয়র
৪।এ, হিউয়েথ রোড্, লক্ষ্ণৌ।

সবদার আসরফ আলি খাঁ
কাট্‌রা দিনবেগ খাঁ লালছা, দিল্লী।

টি, পি, বর্ম্মা স্কোয়ার,
সার আলির রোড্, পাটনা।


## জমি বিক্রয়।

—:০:—

লোকাইপুর, সরলা, হাজিপুর, ডাহিনা প্রভৃতি স্থানের রাঢ়ি বাগড়ি জমি বিক্রয় হইবে। অন্যান্য জ্ঞাতব্য বিষয় নিম্নলিখিত ঠিকানায় পাইবেন।

শ্রীযদুনাথ সিংহ
অরঙ্গাবাদ


## জবাকুসুম

গুণেঅদ্বিতীয় গন্ধে অতুলনীয়

জবাকুসুম তৈল মস্তিষ্ক স্থির রাখে, মনকে প্রফুল্লিত করে, কেশের শোভা বর্দ্ধিত করে। এই সকল কারণে জবাকুসুম তৈল সকলের আদরণীয়। এই জন্যই জবাকুসুম তৈল কেশ তৈলের শীর্ষস্থান অধিকার করিয়াছে। অনেক নকল ও অনুকরণ সত্ত্বেও কোন তৈলই তাহাকে শীর্ষস্থানচ্যুত করিতে পারে নাই।

১ শিশি ১৲ টাকা।

৩ শিশি ২।০ ভিঃ পিতে ২॥৶০

দ্রষ্টব্য।

শিশি, তৈল প্রভৃতি দ্রব্যের মূল্য অত্যন্ত বৃদ্ধি হওয়ায় অদ্য তারিখ হইতে বাধ্য হইয়া এক গ্রোস জবাকুসুম তৈলের মূল্য ১০৮৲ একশত আট টাকা, ডজনের মূল্য ৯॥০ সারে নয় টাকা ও তিন শিশির মূল্য আড়াই টাকা /।০ শিশির মূল্য ৩।০ টাকা ধার্য্য করা হইল। এক শিশির মূল্য এক টাকা রহিল।

## কল্যাণ বটিকা

ধাতুদৌর্ব্বল্যের মহৌষধ।

কল্যাণ বটিকা সেবনে ধাতুদৌর্ব্বল্য ও তজ্জন্য স্বপ্নদোষাদি উপসর্গ ত্বরায় প্রশমিত হইয়া শরীরের কান্তি ও পুষ্টি বর্দ্ধিত হয়। কল্যাণ বটিকার গুণ অব্যর্থ ও স্থায়ী।

১ কৌটা ২৲ ভিঃ পিতে ২৶০

## অমৃতাদি বটিকা

ম্যালেরিয়া জ্বরনাশে অব্যর্থ।

অমৃতাদি বটিকা সেবনে সর্ব্বপ্রকার জ্বর বিশেষতঃ ম্যালেরিয়া জ্বর অতি শীঘ্র দূরীভূত হইয়া থাকে। প্লীহা ও যকৃতের বৃদ্ধি হইলে অমৃতাদি বটিকা সেবনে আশ্চর্য্যজনক ফল পাওয়া যায়, জ্বরের হস্ত হইতে নিস্কৃতি পাইবার জন্য দেশ দেশান্তর ভ্রমণ করিতে হয় না।

১ কৌটা ভিঃ পিতে ১৶০

## ক্ষুধাবতী

অম্লপিত্ত রোগীর একমাত্র ভরসাস্থল।

ক্ষুধাবতী ঔষধ সেবনে অম্লপিত্ত রোগ শীঘ্রই দূরীভূত হয়। আকণ্ঠ ভোজনের পর একমাত্রা ক্ষুধাবতী সেবন করিলে তুলাকে অগ্নি সংযোগের ন্যায় গুরুপাক দ্রব্য ভস্মীভূত হইয়া যায়। অগ্নিতে জল সেকের ন্যায় বুকজ্বালা নিবারিত হয়।

১ শিশি ১৲ টাকা ভিঃ পিতে ১।/

সি, কে, সেন এণ্ড কোং লিমিটেড

ব্যবস্থাপক ও চিকিৎসক—

শ্রীউপেন্দ্রনাথ সেন কবিরাজ

২৯নং কলুটোলা ষ্ট্রীট, কলিকাতা

## বিনা মূল্যে ও বিনা ডাকমাশুলে

### কামশাস্ত্র।

দীর্ঘজীবন লাভেচ্ছু ব্যক্তিগণের আমাদের "কামশাস্ত্র" একবার পাঠ করা অবশ্য কর্ত্তব্য। ইহাতে দীর্ঘায়ু লাভ করিবার ও শরীর সুস্থ রাখিবার স্বাভাবিক নিয়মগুলি বিশদরূপে বর্ণিত আছে, ইহাতে গার্হস্থ্য চিকিৎসাপ্রণালীও সম্বলিত আছে। ইহা ঘরে থাকিলেও চিকিৎসকের কার্য্য করিবে। নিম্ন ঠিকানায় পত্র লিখিলে প্রেরিত হয়।

# চিরজীবী হইবার উপায় কি?

| |
|---|
| ১—দীর্ঘায়ু |
| ২—স্বাস্থ্য |
| ৩—শক্তি |

এই তিনটী জীবনোপাদান লাভ করিবার প্রকৃত উপায়—

### আতঙ্ক-নিগ্রহ বটিকা।

শক্তিহীনকে শক্তিশালী করিয়া, আত্মকৃত কু-অভ্যাস জনিত ভগ্নস্বাস্থ্য ও জীবনে হতাশ ব্যক্তিদিগকে স্বাস্থ্য ও নব জীবন দান করিয়া ভৈষজ্য জগতে শ্রেষ্ঠ স্থান অধিকার ও পৃথিবী ব্যাপী অতুল কীর্ত্তি অর্জ্জন করিয়াছে

এই বটিকা রক্ত পরিষ্কার করে, কোষ্ঠ কাঠিন্য দূর করে, পারপাক শক্তি বৃদ্ধি করে, স্বপ্নদোষ, প্রস্রাবের সহিত ধাতুস্রাব, বন্ধ্যাত্ব দোষ এবং সর্ব্ব প্রকারের দুর্ব্বলতা দূর করিয়া স্বাস্থ্য, শক্তি, দীর্ঘায়ু দান করিয়াছে;

৩২ বটিকাপূর্ণ ১ কৌটার মূল্য ১৲ এক টাকা মাত্র। একত্রে অধিক টাকার ঔষধ ক্রয় করার কমিশন ও উপহারের বিষয় জানিবার নিমিত্ত মূল্য নিরূপণ পুস্তিকার জন্য আবেদন করুন।

কবিরাজ—মণিশঙ্কর গোবিন্দজী শাস্ত্রী

আতঙ্ক নিগ্রহ ঔষধালয়

২১৪ বৌবাজার ষ্ট্রীট, কলিকাতা

# সুরমা

### ফুলশয্যায় সুরমা।

আবাঁর বিবাহের সময় আসিতেছে আবার বিধাতার বিধানে অনেক নরনারীর ভাগ্যলিপি সমসূত্রে আবদ্ধ হইবার মাহেন্দ্রক্ষণ আসিতেছে। মনে রাখিবেন বিবাহের তত্ত্বে, বর-কনের ব্যবহারের জন্য, ফুলশয্যার দিনে সুরমার বড়ই প্রয়োজন। ফুলশয্যার রাত্রে কোন বাড়ীর মহিলারা সুরমা ব্যবহার করিলে, ফুলের খরচ অনেক কম হইবে। "সুরমার" সুগন্ধে শত বেলা, সহস্র মালতীর সৌরভ গৃহ-কক্ষে ফুটিয়া উঠিবে। সমস্ত মঙ্গলকার্য্যেই "সুরমার" প্রচলন। বড় এক শিশি সুরমায় অর্থাৎ সামান্য ৷৵০ বার আনা ব্যয়ে অনেক কুলমহিলার অঙ্গরাগ হইতে পারে।

বড় এক শিশির মূল্য ৷৵০ বার আনা; ডাকমাশুল ও প্যাকিং ॥৵০ এগার আনা। তিন শিশির মূল্য ২৲ দুই টাকা মাত্র; মাশুলাদি ১।৵০ এক টাকা পাঁচ আনা।

### সোমবল্লী-কষায়।

আমাদিগের এই সালসা ব্যবহারে সকলপ্রকার বাত, উপদংশ, সর্ব্বপ্রকার চর্ম্মরোগ, পারা-বিকৃতি ও যাবতীয় দুষ্টক্ষত নিশ্চয়ই আরোগ্য হয়। অধিকন্তু ইহা সেবন করিলে, শারীরিক দৌর্ব্বল্য ও কৃশতা প্রভৃতি দূরীভূত হইয়া শরীর হৃষ্ট-পুষ্ট এবং প্রফুল্ল হয়। ইহার ন্যায় পারাদোষনাশক ও রক্তপরিষ্কারক সালসা আর দৃষ্ট হয় না। বিদেশীয়দিগের বিলাতী সালসা অপেক্ষা ইহা অধিক উপকারক। ইহা সকল ঋতুতেই বালক-বৃদ্ধ-বনিতাগণ নির্ব্বিঘ্নে সেবন করিতে পারেন। সেবনের কোনরূপ বাঁধাবাঁধি নিয়ম নাই। এক শিশির মূল্য ১॥০ টাকা; ডাঃ মাঃ ও প্যাকিং ১৶০ এক টাকা তিন আনা

### জ্বরাশনি।

জ্বরাশনি—ম্যালেরিয়ার ব্রহ্মাস্ত্র। জ্বরাশনি—যাবতীয় জ্বরেই মন্ত্রশক্তির ন্যায় উপকার করে। একজ্বর, পালাজ্বর, কম্পজ্বর, প্লীহা ও যকৃৎঘটিত জ্বর, দোকালীন জ্বর, মজ্জাগত ও মেহঘটিত জ্বর, ধাতুস্থ বিষমজ্বর, এবং মুখনেত্রাদির পাণ্ডুবর্ণতা, ক্ষুধামান্দ্য, কোষ্ঠবদ্ধতা, আহারে অরুচি, শারীরিক দৌর্ব্বল্য, বিশেষতঃ কুইনাইন সেবনে যে সকল জ্বর আরোগ্য না হয়, সে সমস্তই এই ঔষধ সেবনে নিঃসন্দেহরূপে নিবারিত হয়। ইহার সহায়তায় যে কত নিরাশ রোগী নবজীবন লাভ করিয়াছেন, তাহার ইয়ত্তা নাই। এক শিশির মূল্য ১৲ এক টাকা, মাশুলাদি ১৶০ এক টাকা তিন আনা।

### মিল্‌ক অব্‌ রোজ

ইহার মনোরম গন্ধ জগতে অতুলনীয়। ব্যবহারে ত্বকের কোমলতা ও মুখের লাবণ্য বৃদ্ধি পায় ব্রণ, মেচেতা, ছুলি, ঘামাচি প্রভৃতি চর্ম্মরোগ সকলও ইহাদ্বারা অচিরে দূরীভূত হয়। মূল্য বড় শিশি ॥০ আট আনা, মাশুলাদি ।৵০ সাত আনা।

---

যাবতীয় কবিরাজি ঔষধ, তৈল, ঘৃত, মোদক, অবলেহ, আসব, অরিষ্ট, মকরধ্বজ, মৃগনাভি এবং সকলপ্রকার জারিত ধাতুদ্রব্য আমরা অতি বিশুদ্ধরূপে প্রস্তুত করিয়া, যথেষ্ট সুলভদরে বিক্রয় করিতেছি। এরূপ খাঁটি ঔষধ অন্যত্র দুর্লভ।

রোগিগণ স্ব স্ব রোগবিবরণ লিখিয়া পাঠাইলে, আমরা অতি যত্নসহকারে উপযুক্ত ব্যবস্থা পাঠাইয়া থাকি। ব্যবস্থা ও উত্তরের জন্য অর্দ্ধ আনার ডাক-টিকিট পাঠাইবেন

**কবিরাজ—শ্রীশক্তিপদ সেন।**

আয়ুর্ব্বেদীয় ঔষধালয়।

১৯১২ নং লোয়ার চিৎপুর রোড. ট্রেটিবাজার, কলিকাতা।

# ইলেক্ট্রিক স্যালিউসন



মনুষ্যের জীবনধারণের প্রধান উপাদান বৈদ্যুতিক শক্তি বা তাড়িৎ। মানব দেহে বৈদ্যুতিক শক্তি সমভাবে থাকিলে মনুষ্য নীরোগ ও দীর্ঘায়ু হয়, বৈদ্যুতিক শক্তির হ্রাস হইলেই মনুষ্যের মৃত্যু ঘটিয়া থাকে। যাহাতে মানবদেহের বৈদ্যুতিক শক্তি সমভাবে থাকিয়া মনুষ্যকে নীরোগ ও দীর্ঘায়ু করে, তজ্জন্য আমেরিকার সুপ্রসিদ্ধ ডাক্তার পেটাল সাহেব এই ঔষধ আবিষ্কার করিয়াছেন। ইহা বৈদ্যুতিক ও রাসায়নিক বলে প্রস্তুত। ইহাতে প্রায় সমুদয় রোগই বৈদ্যুতিক বলে অতি অল্পক্ষণ মধ্যে আরোগ্য হইয়া থাকে। ধাতু দৌর্ব্বল্য, শুক্রের অল্পতা, পুরুষত্ব হানি, অগ্নিমান্দ্য, অজীর্ণ, অর্শ, উদরাময়, কোষ্ঠবদ্ধতা, অম্লশূল, শিরঃপীড়া, সর্ব্বপ্রকার প্রমেহ, বহুমূত্র, দুঃস্বপ্ন, বাত, পক্ষাঘাত, পারদ সংক্রান্ত পীড়া, স্ত্রীলোকদিগের বাধক বন্ধ্যা, মৃতবৎসা, সূতিকা, শ্বেত-রক্ত প্রদর মূর্চ্ছা, হিষ্টিরিয়া, বালকদিগের ঘুংড়ি, বালসা সর্দ্দি, কাসি, প্রভৃতির পক্ষে ইহা মন্ত্রঃপূত মহৌষধ। ডাক্তারি কবিরাজী ও হাকিমী চিকিৎসায় যাঁহারা রাশি রাশি অর্থব্যয় করিয়াও সফলমনোরথ হন নাই, এই ঔষধে তাঁহারা নিশ্চয় সুফল প্রাপ্ত হইবেন। ইহার একমাত্রা সেবনে মস্তিষ্ক স্নিগ্ধ, মনে আনন্দ ও স্ফূর্ত্তির সঞ্চার হয় এবং শরীর নববলে বলীয়ান হইয়া উঠে। একমাস ব্যবহারের প্রতি শিশি মাশুল বৃদ্ধি সমেত ১॥০ দেড় টাকা।

সোল এজেণ্ট—ডিঃ ডিঃ হাজরা।

ফতেপুর, গার্ডেনরিচ পোঃ। কলিকাতা।

### বিজ্ঞাপন।

আমাদের দোকানে নানাবিধ বোম্বাই সাড়ী পার্শি সাড়ী, মির্জ্জাপুরি রেশমি বস্ত্র, মটকা, দেশী বিলাতী কাপড় খাগড়ার বাসন অতি অল্প মুনফায় বিক্রয় করা হয়। পরীক্ষা প্রার্থনীয়।

শ্রীশচীনন্দন দে শ্রীবিভূতিভুষণ দে।

রঘুনাথগঞ্জ চাউল পটীজঙ্গিপুর, (মুর্শিদাবাদ)

ডাঃ এন, এল, পালের

### সুদর্শন সার।

(সর্ব্ববিধ জ্বরের অমোঘ ব্রহ্মাস্ত্র।)

দুই দিন সেবন করিলেই ফল বুঝিতে পারিবেন। বিশেষতঃ ম্যালেরিয়া জ্বরের হাত হইতে নিষ্কৃতি পাইতে হইলে সুদর্শন সার ব্যবহার করুন। প্লীহা ও যকৃত সংযুক্ত জ্বরে ইহা মন্ত্রশক্তির ন্যায় কার্য্য করে। মূল্য প্রতি শিশি ॥৵০ দশ আনা

ডাঃ নন্দলাল পাল

রঘুনাথগঞ্জ